

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-২৪ (মাদরাসা-২)  
( www.moedu.gov.bd )

নং- ৩৭.০০.০০০০.০৮৫.৪৪.০১৮.১৬- ১০৬৯

তারিখ:


২৩ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ  
০৬ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়: বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদানের প্রাথমিক অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রদান/বিভাগ/শাখা খোলার প্রস্তাবসমূহ সভায় উপস্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদানের প্রাথমিক অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রদান/বিভাগ/শাখা খোলার নিমিত্ত গত ৩১/০৫/২০১৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

১. প্রাপ্ত সকল আবেদন তারিখের ক্রম অনুযায়ী বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের নির্ধারিত ছকের সকল কলাম পূরণপূর্বক সুস্পষ্ট মতামত/সুপারিশসহ সভায় উপস্থাপন করতে হবে।
২. প্রস্তাব বিহীন, অসম্পূর্ণ কোন ছক/প্রতিবেদন প্রেরণ করা যাবে না।
৩. আগের আবেদন পেস্তিং রেখে পরে প্রাপ্ত আবেদনের উপর পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা যাবে না। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের গত ২৪/০৪/২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৮৫.৪৪.০১৮.১৬-৯৩৭ নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৪. পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি/বিভাগ/বিষয় খোলার ক্ষেত্রে অনুমোদিত নীতিমালা অনুযায়ী পরিদর্শন প্রতিবেদনে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে। কোন ক্রমেই পাঠদানের অনুমতির ক্ষেত্রে একাডেমিক স্বীকৃতি/বিভাগ খোলার তথ্য এবং একাডেমিক স্বীকৃতি/বিভাগ খোলার ক্ষেত্রে পাঠদানের অনুমতি তথ্য প্রদান করা যাবে না।
৫. পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি/বিভাগ/বিষয় খোলার বিষয়ে পৃথক পৃথক পরিদর্শন ফরম তৈরী করতে হবে।

০২। এমতাবস্থায়, সভার সিদ্ধান্ত অনুযায়ী বর্ণিত বিষয়ে মন্ত্রণালয় হতে প্রেরিত ও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে প্রাপ্ত আবেদনসমূহের বিষয়ে জরুরী ভিত্তিতে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ০১ (এক) মাসের মধ্যে পরবর্তী সভা অনুষ্ঠিত হওয়ার কথা।



(মোহাম্মদ শহীদুল্লাহ)

সহকারী সচিব (মাদরাসা-২)

ফোন: ৯৫৪৯৩৯৬

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিষ্টার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড  
বখশি বাজার, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, মাদরাসা অনুবিভাগ এর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।